জীবননগরের উথলী বালিকা বিদ্যালয়ে নারী সমাবেশ অনুষ্ঠিত

স্মার্ট বাংলাদেশ ও ভিশন ২০৪১ এসডিজি মোতাবেক উন্নত রাষ্ট্র ও জাতি গঠনে দেশের অগ্রগতি, অর্জন, সাফল্য ও লক্ষ্য সমূহের সাথে জনসম্পৃক্ততা বৃদ্ধি এবং ডেঙ্গু প্রতিরোধ, মানবপাচার, মাদক, সন্ত্রাস, গুজব, অপপ্রচার, ইভটিজিং ও বাল্যবিয়ে প্রতিরোধ বিষয়ে নারী সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

আজ রোববার সকাল সাড়ে ১০ টার সময় চুয়াডাঙ্গা জেলা তথ্য অফিসের আয়োজনে উথলী মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের মুক্ত মঞ্চে ওই নারী সমাবেশ অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী মো. হাফিজুর রহমান। এ সময় তিনি বলেন, নারীর ক্ষমতায়ন, নারীর অধিকার ও সামাজিক নিরাপত্তা প্রদানে আওয়ামী লীগ সরকার নিরলসভাবে কাজ করে আসছেন। নারী পাচার, ইভটিজিং ও বাল্যবিয়ে এখন অনেকটাই কমে এসেছে।সরকার নারীদের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করে তাদের স্বাবলম্বী করে গড়ে তুলেছে। একটি অসাধু চক্র বিভিন্ন গুজব ও অপপ্রচার ছড়িয়ে দেশের সম্মান ক্ষুন্ন করার চেষ্টা করছে। আপনারা কেউ এই ধরনের গুজবে কান দিবেন না। নারীদের সামাজিক সুরক্ষা নিশ্চিত করতে বর্তমান সরকার নারীদের বিধবা ভাতা, মাতৃত্বকালীন ভাতাসহ বিভিন্ন সুযোগ সুবিধা প্রদান করে আসছেন। আমাদের দেশে জনসংখ্যার অর্ধেক পুরুষ ও অর্ধেক নারী। সরকারের সকল উন্নয়ন কর্মকাণ্ডে নারীদের সম্পৃক্ত আরও বাড়াতে হবে।

অনুষ্ঠানের সভাপতিত্ব করেন চুয়াডাঙ্গা জেলা তথ্য অফিসার শিল্পী মন্ডল। তিনি তার বক্তব্যে বলেন, সারা বিশ্বে বাংলাদেশ এখন উন্নয়নের রোল মডেল। টেকসই উন্নয়নের অভীষ্ট লক্ষ্য অর্জন করে ২০৪১ সালে আমরা পৌঁছে যাবো উন্নত দেশের কাঙ্খিত গন্তব্যে। উন্নয়নের এই ধারায় নারীদের সম্পৃক্ততা বৃদ্ধি করতে হবে।মানবপাচার, মাদক, সন্ত্রাস, গুজব, অপপ্রচার, ইভটিজিং ও বাল্যবিয়ে প্রতিরোধ করে নারীদের সামাজিক নিরাপত্তা নিশ্চিত করতে হবে।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন উথলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মো. আব্দুল হান্নান, চুয়াডাঙ্গা খাদ্য নিয়ন্ত্রক সজিব পাল, উথলী মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের পরিচালনা পর্ষদের সভাপতি সাংবাদিক সালাউদ্দীন কাজল, উথলী মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক লুৎফর রহমান, সাংবাদিক আকিমুল ইসলাম, বিদ্যালয়ের পরিচালনা পর্ষদের সদস্য সেলিম হোসেন, মাহফুজুর রহমান, আলমগীর হোসেন, এনামুল হক, মুসলিমা খাতুন প্রমুখ। সমাবেশে দু’ শতাধিক নারী উপস্থিত ছিলেন।

আলমডাঙ্গায় চোরাই মোবাইলসহ যুবক আটক

আলমডাঙ্গার বাবুপাড়া এলাকায় পুলিশের অভিযানে আন্তঃজেলা চোরাই মোবাইল ক্রয়-বিক্রেতা আলম হোসেন নামের এক যুবককে আটক করেছে।

আজ রবিবার দুপুর ২ টার দিকে পৌর এলাকা থেকে দুটি চোরাই মোবাইল ও নগত ১৫ শত ৬০ টাকা উদ্ধার করে পুলিশ।

আটকৃত যুবক পাবনা জেলার লাউদাড়া থানার দ্বীপচর এলাকার শহিদুল ইসলামের ছেলে আলম হোসেন (৩৪)। তার বিরুদ্ধে বিভিন্ন থানায় একাধিক মামলা রয়েছে বলে জানাগেছে।

পুলিশ জানায়, আলমডাঙ্গা পৌর এলাকার বাবুপাড়ার লক্ষণ কর্মকারের দোকানের নিকট চোরাই মোবাইল ক্রয়-বিক্রয় হচ্ছে। এমন সংবাদের ভিত্তিতে থানার উপ-পরিদর্শক (এসআই) সঞ্জিত কুমার সাহা সঙ্গীয় ফোর্স অভিযান চালায়। এসময় ওই এলাকা থেকে আলম হোসেন নামের এক যুবককে আটক করে। তার নিকটে থাকা দুটি মোবাইলের সঠিক তথ্য দিতে ব্যর্থ হয়।

পুলিশের জিজ্ঞাসাবাদে সে চোরাই ফোন ক্রয়-বিক্রয় করেন বলে স্বীকার করেন। তার নিকটে থাকা দুটি মোবাইল জব্দ সহ ১৫ শত ৬০ টাকা উদ্ধার করে পুলিশ। যুবক আলমের বিরুদ্ধে আলমডাঙ্গা থানায় চুরি আইনে তার বিরুদ্ধে মামলা দায়ের করেছে পুলিশ। আজ সোমবার

সংশ্লিষ্ট মামলায় কোর্ট পাঠাবে পুলিশ।

আলমডাঙ্গায় তুচ্ছ ঘটনায় শাশুড়িকে কুপিয়েছে পুত্রবধূ ইয়াসমিন

আলমডাঙ্গায় তুচ্ছ ঘটনাকে কেন্দ্র করে শিপালী খাতুন (৪৮) নামের এক নারীকে কুপিয়েছে তারই পুত্রবধূ ইয়াসমিন।

গতকাল শনিবার আলমডাঙ্গা উপজেলার চিৎলা গ্রামে এ ঘটনা ঘটে। আহত শিপালী খাতুন একই গ্রামের বউবাজার পাড়ার ইয়াকুব আলীর স্ত্রী।

জানা গেছে, সাংসারিক টুকিটাকি কাজ নিয়ে পুত্রবধূ-শাশুড়ির মধ্যে মনোমালিন্য হওয়ায় সকালে বটি দিয়ে শাশুড়ীকে কুপিয়েছে পুত্রবধূ। পরে স্থানীয়দের সহযোগিতায় শেফালীকে উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে ভর্তি করা হয়।

সদর হাসপাতালের জরুরি বিভাগের কর্তব্যরত চিকিৎসক ডা. ওয়াহেদ মাহমুদ রবিন বলেন, শিপালী খাতুনের মাথায় চারটি সেলাই দেয়া হয়েছে। প্রাথমিক চিকিৎসা শেষে ভর্তি করা হয়েছে।

চুয়াডাঙ্গায় এসএসসি-৮৯ ব্যাচের আয়োজনে ডা. শামিম কবিরকে

সম্মাননা প্রদান

বন্ধু মহল এস এস সি ৮৯ ও এইচ এস সি ৯১ ব্যাচের আয়োজনে মাগুরার সদ্য দায়িত্বপ্রাপ্ত সিভিল সার্জন ডা. শামিম কবিরকে ফুলেল শুভেচ্ছা ও সম্মাননা প্রদান করা হয়েছে।

গতকাল শনিবার সন্ধ্যায় একাডেমি মোড়স্থ সংগঠনের অস্থায়ী কার্যালয়ে বন্ধু মহলের অন্যতম সদস্য ডা. শামিম কবির মাগুরা জেলার সিভিল সার্জন হিসাবে দায়িত্ব গ্রহন করায় এ সন্মাননা প্রদান করা হয়।

বন্ধু মহলের সভাপতি এজাজ হোসেন অনুষ্ঠানে সভাপতিত্ব করেন। এ্যাড. মনিবুল হাসান পলাশের সঞ্চালনায় অনুষ্ঠানে বক্তব্য রাখেন সংগঠনের সাধারণ সম্পাদক আসাদুল ইসলাম, সাংবাদিক বিপুল আশরাফ ও মোশারফ হোসেন। পরে অতিথি হিসেবে বক্তব্য রাখেন ডা. শামিম কবির। তিনি বলেন, বন্ধুত্বের মধ্যে কোন ভেদাভেদ নেই। ধনী, গরীব নির্বিশেষে সবাই আমরা এক কাতারে কাজ করতে চাই। তার উপর অর্পিত দায়িত্ব নিষ্ঠার সাথে পালন করতে পারি, সেই জন্য সকল বন্ধুদের সহযোগিতা কামনা করেন।

অনুষ্ঠানে বন্ধু মহলের সদস্য হামিমুজ্জামান সুমন, সাজ্জাত হোসেন বাদল, মিজানুর রহমান, খোকন, লিটন, আব্দুল হালিম, জাহাঙ্গীর, সাহিন মিয়া, টুটুল, শফিকুল, মুকুল, খন্দকার শামিম, হাবিবুর রহমান হাবিব প্রমুখ।

চুয়াডাঙ্গায় লোকমোর্চার মতবিনিময় সভায় জেলা প্রশাসক ড.কিসিঞ্জার চাকমা

চুয়াডাঙ্গায় নারীর প্রতি সহিংসতা ও বাল্যবিবাহ প্রতিরোধে জেলা লোকমোর্চার মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

মিল্টু, জেলা লোকমোর্চার প্রচার প্রকাশনা সম্পাদক আহাদ আলী মোল্লা, নির্বাহী সদস্য সেলিমুল হাবিব সেলিম, লোকমোর্চার সদস্য জামান আক্তার, নুরুনাহার কাকলি, শিরিনা ইয়াসমিন, ইলিয়াস হোসেন, শেখ লিটন, উম্মে হাবিবা, হেলেনা নাসরিন, আঞ্জুমান আরা, জেলা লোকমোর্চার সচিব ও ওয়েভ ফাউন্ডেশনের প্রোগ্রাম অফিসার কানিজ সুলতানা, প্রমুখ।

দর্শনা সীমান্তে ৪০ লক্ষ টাকার রুপার গহনা পাচারকালে স্বামী- স্ত্রীসহ আটক ৩

চুয়াডাঙ্গার দর্শনা সীমান্তে প্রায় সাড়ে ৪০ লাখ টাকার ভারতীয় রুপার গহনাসহ স্বামী -স্ত্রীসহ ৩ চোরাকারবারীকে আটক করেছে ৬ বিজিবি।এ ঘটনায় বিজিবি বাদী হয়ে ৫ জনের বিরুদ্ধে দায়ের করেছে মামলা।

জানাগেছে আজ শনিবার দুপুরে চুয়াডাঙ্গা ৬ বিজিবির অধিনায়ক লেঃ কর্নেল সাঈদ মোহাম্মদ জাহিদুর রহমান, পিএসসি নেতৃত্বে অভিযান চালায় নাস্তিপুর গ্রামের হায়দারের বসতবাড়িতে।

এ সময় ৬ বিজিবির বাড়াদী বিওপি কমান্ডার নায়েক সুবেদার জাকির হোসেন ও সুলতানপুর ক্যাম্পের বিওপি কমান্ডার দুলাল হক গোপন সংবাদের ভিত্তিতে সঙ্গীয় ফোর্সসহ সীমান্ত পিলার ৮০/৬-আর হতে আনুমানিক ২শ মিটার বাংলাদেশের অভ্যন্তরে নাস্তিপুর ওয়াসিম বিশ্বাসের ঘর তল্লাশী করে। পরে বিজিবি সশস্ত্র টহল দল বর্ণিত ব্যক্তির বাসার ভিতর রক্ষিত ড্রেসিং টেবিলের নীচে অভিনব কায়দায় লুকিয়ে রাখা অবস্থায় একটি গামছা দিয়ে বাধা পোটলা উদ্ধার করে।

উদ্ধারকৃত পোটলার ভিতর থেকে স্কচটেপ দ্বারা মোড়ানো ২০টি প্যাকেট থেকে ২৩ কেজি ৪৭০ গ্রাম (২০১২ ভরি) ভারতীয় তৈরীকৃত রুপার গহনা জব্দ করে। যার আনুমানিক বাজার মৃল্য ৪০ লাখ ৩০ হাজার টাকা।

এ ঘটনায় বিজিবি সশস্ত্র টহল দল ৩ চোরাকারবারীকে আটক করে। আটককৃত চোরাকারবারী দর্শনা পারকৃষ্ণপুর মদনা ইউনিয়নের নাস্তিপুর গ্রামের মৃত হায়দোর আলীর ছেলে ওয়াসিম বিশ্বাস (৩৮) ওয়াসিম বিশ্বাসের স্ত্রী মোছাঃ রিমা খাতুন (২৭),ও একই গ্রামের মৃত হায়দোর আলীর স্ত্রী মোছাঃ আরবী খাতুন (৫৫),আটক করে। এ রুপার গহনা উদ্ধারের ঘটনায় বিজিবি পলাতক হিসাবে নাস্তিপুর গ্রামের শিমুল বিশ্বাসের স্ত্রী মোছাঃ সোনিয়া (৩০)ও আনছার আলীর ছেলে আমানত (৩২)কে দর্শনা থানায় মামলা দায়ের করে।

আজ বাড়াদী ক্যাম্প কমান্ডার নায়েব সুবেদার জাকির হোসেন বাদি হয়ে ৫ জনের বিরুদ্ধে দর্শনা থানায় মামলা দায়ের করে। ভারতীয় তৈরীকৃত রুপার গহনাগুলি চুয়াডাঙ্গা ট্রেজারী অফিসে জমা করার কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে।

আলমডাঙ্গার নাগদাহ ইউপি আ’লীগের কর্মি সভায় এমপি ছেলুন

আলমডাঙ্গার নাগদাহ ইউনিয়ন আওয়ামীলীগের আয়োজনে কর্মি সভা অনুষ্ঠিত হয়েছে। আজ শনিবার বিকেলে নাগদাহ মাধ্যমিক বিদ্যালয় মাঠে এ কর্মি সভা অনুষ্ঠিত হয়।

কর্মি সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা-১ আসনের সংসদ সদস্য জেলা আওয়ামীলীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুন। প্রধান অতিথির বক্তব্যে এমপি ছেলুন জোয়ার্দ্দার বলেন,আওয়ামী লীগের শক্তিহলো, তৃণমূলের নেতাকর্মি। যে দলের কর্মি নেই সে দল কোন রাজনৈতিক দল নয়। আজকে আপনারাই হলো আওয়ামীলীগের মূল শক্তি। আপনারা আছেন বলেই আওয়ামীলীগ আছে। নিজেদের মধ্যে কোন বিভেদ রাখা যাবেনা। আজকে নতুন করে ৭১ পরাজিত শত্রু বিএনপি-জামায়াত ষড়যন্ত্র করছে। তারা আন্দোলনে ব্যর্থ হয়ে বিদেশীদের কাছে ধর্ণা দিচ্ছে। এদেশে কারা ক্ষমতায় যাবে তা নির্ধারণ করবে এদেশের জনগণ। কোন বিদেশী শক্তি আপনাদের ক্ষমতায় বসিয়ে দেবে না ।

এমপি ছেলুন জোয়ার্দ্দার বলেন,দেশ স্বাধীনের পর বঙ্গবন্ধু যুদ্ধ বিধ্বস্ত একটি দেশের যখন পূণর্গঠনের কাজ শুরু করলেন তখন পরাজিত শত্রুরা বঙ্গবঙ্গুকে সপরাবারে হত্যা করলো। সেদিন জিয়াউর রহমান সংসদে ইনডেমিনিটি বিল পাশ করে হত্যার বিচার বন্ধ করেছিল। সেদিন কিন্তু মানবাধিকারের কথা বলে নাই।আজকে মানবাধিকার মানবাধিকারের কথা বলছে।

আজকে বঙ্গবন্ধুর সোনার বাংলা গড়ার ন্বপ্ন তার সুযোগ্য কন্যা জননেত্রী শেখ হাসিনা বাস্তবায়নে কাজ করে যাচ্ছন।
উন্নয়নের এই ধারা অব্যাহত রাখতে আবারও নৌকাকে বিজয়ী করতে হবে।

নাগদাহ ইউনিয়ন আওয়ামী লীগের (ভারপ্রাপ্ত) সভাপতি মো. মুনসুর আলী মোল্লার সভাপতিত্বে কর্মী সভায় বিশেষ অতিথি ছিলেন জেলা আওয়ামীলীগের সাংগঠনিক সম্পাদক মুন্সি আলমঙ্গীর হান্নান, আলমডাঙ্গা উপজেলা আওয়ামীলীগের সভাপতি আবু মুছা,সাধারণ সম্পাদক ইয়াকুব আলী , জেলা আওয়ামীলীগের সাবেক বন ও পরিবেশ বিষয়ক সম্পাদক শহিদুল ইসলাম খান, জেলা আওয়ামীলীগের সাবেক সদস্য নজরুল ইসলাম, সোনা মিয়া,জেলা আওয়ামীলীগ নেতা আরেফিন মিয়া রঞ্জু, চুয়াডাঙ্গা পৌর আওয়ামীলীগের সভাপতি আলাউদ্দিন হেলা, সাধারণ সম্পাদক আব্দুল কাদের, নাগদাহ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান এজাজ ইমতিয়াজ বিপুল জোয়ার্দ্দার সাবেক প্রচার সম্পাদক শওকত আলী, জেলা ছাত্রলীগের সাবেক সভাপতি আ: রশিদ, আলমডাঙ্গা উপজেলা আওয়ামীলীগের সাবেক প্রচার সম্পাদক মাসুদ রানা তুহিন, আলমডাঙ্গা পৌর আওয়ামীলীগের যুগ্নসাধারণ সম্পাদক সাইফুর রহমান পিন্টু, চুয়াডাঙ্গা সরকারি কলেজের সাবেক সভাপতি আশিক ইকবাল স্বপন, এ্যাড. মকলেছুর রহমান।

কর্মী সভাটি সঞ্চালনা করেন নাগদাহ ইউনিয়ন আওয়ামীলীগের সাধারণ সম্পাদক মতিয়ার রহমান হায়াত।

এদিকে নাগদাহ ইউনিয়ন আওয়ামী লীগের কর্মী সভাকে ঘিরে সর্বত্র সাজ সাজ রব পড়ে যায়। দীর্ঘ রাজনৈতিক বিরোধের মাঝে শান্তিপূর্ণভাবে অনুষ্ঠিত এ সভায় ইউনিয়নের বিভিন্ন ওয়ার্ড এবং গ্রাম থেকে খণ্ড খণ্ড মিছিল নিয়ে নেতাকর্মীরা উপস্থিত হন। বিকাল ৩টায় কর্মী সভা শুরু হওয়ার আগেই কয়েক হাজার নেতাকর্মী সমাবেশস্থলে জড়ো হন। একপর্যায়ে কর্মী সভা বিশাল জনসমাবেশে পরিণত হয়।

দামুড়হুদায় ভৈরব নদীতে মাছের পোনা অবমুক্ত অনুষ্ঠানে এমপি টগর

দামুড়হুদা উপজেলা প্রশাসন ও উপজেলা মৎস্য দপ্তর এর উদ্যোগে দামুড়হুদার ভৈরব মরা নদীতে মাছের পোনা অবমুক্ত করা হয়েছে৷

এ উপলক্ষে শনিবার বেলা সাড়ে ১১টায় উপজেলার কার্পাসডাঙ্গার ভৈরব মরানদীতে মাছের পোনা অবমুক্ত করার মধ্যদিয়ে পোনা মাছ অবমুক্তকরণ কার্যক্রমের আনুষ্ঠানিক উদ্বোধন করেন চুয়াডাঙ্গা -২ আসনের সংসদ সদস্য হাজী মোঃ আলী আজগার টগর ৷

এসময় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা ২ আসনের মাননীয় সাংসদ হাজী মোঃ আলী আজগার টগর। তিনি বলেন, আমরা মাছে ভাতে বাঙালি, তাই জননেত্রী শেখ হাসিনার নেতৃত্বে নিরাপদ মাছে ভরবো দেশ গড়বো স্মার্ট বাংলাদেশ। তিনি আরো বলেন, মৎস্য ক্ষেত্রে বিনিয়োগের ফলে একদিকে যেমন নতুন নতুন কর্মক্ষেত্রে সৃষ্টি হয়, তেমনি সমৃদ্ধ হয় জাতীয় অর্থনীতি। মাছের উৎপাদন বৃদ্ধি করে দেশের জনগোষ্ঠীর শুধু পুষ্টি চাহিদা পূরণ নয়, ব্যাপক কর্মসংস্থানের সৃষ্টি হয়। বিদেশে মাছ রফতানি করে বৈদেশিক মুদ্রা অর্জন সরকারের অন্যতম লক্ষ্য।’

এসময় উপস্থিত ছিলেন, দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান মোঃ আলী মুনছুর বাবু, উপজেলা নির্বাহী কর্মকর্তা রোকসানা মিতা, দামুড়হুদা উপজেলা মৎস্য কর্মকর্তা হামিদুল ইসলাম, দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক হাজী মোঃ শহিদুল ইসলাম, দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোঃ হয়রত আলী, কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোঃ আব্দুল করিম বিশ্বাস, দামুড়হুদা উপজেলা সদর ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক শফিউল কবির ইউসুফ, কার্পাসডাঙ্গা ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক নজির আহমেদ, যুগ্ম সম্পাদক আব্দুস সালাম বিশ্বাস, সাংগঠনিক সম্পাদক জাহিদুল ইসলাম মুকুল, আব্দুল কাদের বিশ্বাস,

শওকত আলী, দর্শনা সরকারি কলেজ ছাত্র লীগের সাংগঠনিক সম্পাদক আলী আবরার অপু, সহ বিভিন্ন সরকারি দপ্তর এর কর্মকর্তা বৃন্দ ।

উপজেলার ভৈরব নদীসহ বিভিন্ন জলাশয়ে অভ্যান্তরীণ মাছের পোনা অবমুক্তকরন এর উদ্যোগ নেয় মৎস্য বিভাগ। এরই অংশ হিসেবে শনিবার উপজেলার ভৈরব মরা নদীতে ২০০ কেজি বিভিন্ন প্রজাতীর মাছের পোনা অবমুক্ত করা হয়েছে৷

চুয়াডাঙ্গায় নৌকার পক্ষে যুব মহিলা লীগের উঠান বৈঠক ও গণসংযোগ

চুয়াডাঙ্গায় নৌকার পক্ষে যুব মহিলা লীগের উঠান বৈঠক ও গণসংযোগ অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শুক্রবার বিকাল সাড়ে তিনটার শংকরচন্দ্র ইউনিয়ন ও বিকাল পাঁচটার সময় আলমডাঙ্গা উপজেলার বারাদি ইউনিয়নে উঠান বৈঠক ও নৌকার পক্ষে গণসংযোগ করেন চুয়াডাঙ্গা জেলা যুব মহিলা লীগের সভাপতি ও আগামী দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে চুয়াডাঙ্গা-১ আসনের নৌকার মনোনয়ন প্রত্যাশি আফরোজা পারভীন।

এ সময় তিনি গণসংযোগের সময় সরকারের উন্নয়ন কাজের চিত্র তুলে ধরে লিফলেট বিতরণ করেন এবং তিনি বলেন আগামী দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনটি ইতিহাসের সবচেয়ে গুরুত্বপূর্ণ নির্বাচন। বাংলাদেশে চলমান উন্নয়নের ধারা অব্যাহত থাকবে নাকি জঙ্গিবাদ তালেবানদের হাতে যাবে সেটি নির্ধারণ হবে এ নির্বাচনে।

এ সময় তিনি আরও বলেন, যদি মাটি ও পতাকাকে ভালোবাসেন তাহলে নৌকা মার্কায় ভোট দিয়ে শেখ হাসিনাকে আবারো ক্ষমতায় আনতে হবে।

এ সময় উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা যুব মহিলা লীগের সহ-সভপতি পূর্ণিমা হালদার,যুগ্ম সাধারণ সম্পাদক আলিজা খাতুন,সদর উপজেলা যুব মহিলা লীগের সভাপতি-কাজলী আক্তার, সাংগঠনিক সম্পাদক সপ্না

খাতুন চিনি, দামুড়হুদা উপজেলা ভাইস চেয়ারম্যান শাহেদা খাতুন ,আলমডাঙ্গা উপজেলার যুব মহিলা লীগের সভাপতি মনিরা খাতুন,সাধারণ সম্পাদক জাহানারা খাতুন, চুয়াডাঙ্গা পৌর ৯নং ওয়ার্ড সভাপতি-আরজিনা খাতুন, সাধারণ সম্পাদক বেবি, সাংগাঠনিক সম্পাদক মিতা রানী, ৬ নং ওয়ার্ড সভাপতি রুপালি, সাধারণ সম্পাদক ফাহিমা, ২নং ওয়ার্ড কমিটির অর্থ সম্পাদক শিউলি খাতুন, ছাত্রলীগ ও যুবলীগের নেতৃবৃন্দ রাতুল, সাকিব শেখ, মাহফুজ, আকাশ,কুতুব, রিপন,শাওন, সিফাত,জিরান,সেজান ও আওয়ামী লীগের নেতৃবৃন্দ সহ চুয়াডাঙ্গা জেলা ও আলমডাঙ্গা উপজেলা যুব মহিলা লীগের নেতৃবৃন্দ।

দর্শনায় পৌর আওয়ামীলীগের কর্মী সভায় এমপি টগর

দর্শনা পৌর আওয়ামীলীগের ৯টি ওয়ার্ডের সমন্বয়ে এক কর্মীসভা অনুষ্টিত হয়েছে।

গতকাল শুক্রবার রাত ৮ টার দিকে দর্শনা পৌর আওয়ামীলীগের দলীয় কার্যালয়ে কর্মী সভায় চুয়াডাঙ্গা ২ আসনের সংসদ সদস্য হাজী আলী আজগার টগর বলেন, আওয়ামীলীগ সরকারের আমলে দেশে ব্যাপক উন্নয়ন হয়েছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে উন্নয়ন কার্যক্রম চলছে দৃর্বার গতিতে।শেখ হাসিনার সাফল্য ও উন্নয়ন মানুষের সামনে তুলে ধরে নৌকায় ভোট চাইতে হবে।দলের বৃহত্তর স্বার্থে আমাদের মধ্যে ক্ষোভ অভিমান ভুলে যেতে হবে।শেখ হাসিনার সরকারকে আবারও ক্ষমতায় বসাতে কাধে কাধ মিলিয়ে কাজ করতে হবে নৌকার পক্ষে।নৌকা মার্কা বিজয়ী হলে দেশ ও জাতি উপকৃত হবে। জাতির জনকের সোনার বাংলাদেশ গড়তে এ সরকার কাজ নিরলস ভাবে।

দর্শনা পৌর আওয়ামীলীগের সহ সভাপতি শফিকুল আলমের সভাপতিত্বে ও দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান এবং দর্শনা পৌর আওয়ামীলীগের সাধারন সম্পাদক আলী মুনছুর বাবুর উপস্থাপনায়, বিশেষ অতিথীর বক্তব্য দেন দর্শনা পৌর মেয়র আতিয়ার রহমান হাবু,পৌর আওয়ামীলীগের যুগ্ন সম্পাদক গোলাম ফারুক আরিফ,সাংগঠনিক সম্পাদক